শিশ্রুবারা হলেন মানুষ গণ্যার বার্নিগর: ঢাবা ফ্রেডিট ইউনিয়ন স্কুলে বিশ্ব শিশ্রুবা দ্বিস সালন

দি খ্রিষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: পরিচালিত ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুলে যথাযজ্ঞ মর্যাদার সাথে পালন করা হয় বিশ্ব শিক্ষক দিবস। ৫ অক্টোবর, ২০২৩ রাজধানীর নদ্দায় অবস্থিত স্কুলে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যদিয়ে দিবসটি পালিত হয়।

স্কুলের প্রধান শিক্ষক আনন্দ চৌধুরী উপস্থিত শিক্ষকগনকে ধন্যবাদ ও শুভেচ্ছা জানিয়ে বলেন, শিক্ষকরা হলেন মানুষ গড়ার কারিগর। আর শিক্ষার্থীরা হলেন কাঁদা মাটির মতো। আজকের এই দিন হলো শিক্ষকদের শ্রদ্ধা ও সম্মান জানানোর দিন।"

বিশ্ব শিক্ষকদের মর্যাদা এবং সমাজে তাদের অবদানকে স্বীকৃতি দেয়ার জন্য ১৯৯৪ সালে থেকে প্রতি বছর ৫ অক্টোবর, জাতিসংঘের ঘোষণা অনুযায়ী বিশ্ব শিক্ষক দিবস পালন করা হয়।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মাার্কেটিং এন্ড প্রজেক্টের চিফ অফিসার সুইটি সিসিলিয়া পিউরীফিকেশন, ঢাকা ক্রেডিটের সেলস এন্ড মার্কেটিং ম্যানেজার এলিয়াস পিন্টু কস্তা।

পিন্টু কস্তা বলেন, প্রতিটি শিক্ষক পরম যত্ন করে প্রতিটি শিক্ষার্থীকে গড়ে তোলার চেষ্টা করেন। এর জন্য আমি তাদের ধন্যবাদ জানাই।

শিক্ষকদের ফুল দিয়ে বরণ করে নেয়ার মাধ্যমে শিক্ষার্থীরা তাদের শিক্ষকদের প্রতি শ্রদ্ধা ও ভালোবাসা প্রকাশ করে। বিশেষ অতিথির বক্তব্যে সুইটি সিসিলিয়া পিউরীফিকেশন বলেন, শিক্ষকগণ তাদের নিজস্ব সীমাবন্ধতার মধ্যেও শিক্ষার্থীদের মাঝে গুণগতমানের শিক্ষার আলো বিস্তার করে যাচ্ছেন।

তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্য বলেন যে, তোমাদের সকল শিক্ষকদের বাধ্য হয়ে চলতে হবে। তারা তোমাদের যেই আদর্শে ও শিক্ষায় শিক্ষা দিচ্ছে তা পালন করার মধ্য দিয়ে নিজেদের জীবন গড়ে তুলতে হবে।





